

# মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা

অষ্টম শ্রেণি

## ১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১.১ ‘————— বিষয়ে পৃথিবীতে কোনো জাতিই আরবদিগের তুল্য নহে।’

(ক) যুদ্ধবিগ্রহ (খ) দয়াপ্রদর্শন (গ) বৈরসাধন (ঘ) আতিথেয়তা

১.২ ‘আমার কাছে কীরূপ আচরণ প্রত্যাশা করো?’ বক্তা হলেন —

(ক) সেলুকস (খ) সেকেন্দার

(গ) পুরু (ঘ) চন্দ্রগুপ্ত

১.৩ ‘পশ্চিমে কুঁদরুর তরকারি দিয়ে ঠেকুয়া খায়।’ — টেনিদাকে একথা বলেছে —

(ক) হাবুল সেন (খ) ক্যাবলা (গ) প্যালা (ঘ) ভন্টা

১.৪ মাইকেল মধুসূদন দত্ত যেই জাহাজ থেকে তাঁর বন্ধু গৌরদাস বসাককে চিঠি লিখেছিলেন, সেটির নাম

(ক) ভার্সাই (খ) সীলোন (গ) মলটা (ঘ) টাইটানিক

## ২. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

২.১ ‘মান্বাতারই আমল থেকে/ চলে আসছে এমনি রকম’ — কোন্ প্রসঙ্গে কবি একথা বলেছেন?

২.২ ‘আমা অপেক্ষা আপনকার ঘোরতর বিপক্ষ আর নাই।’

— বক্তার একথা বলার কারণ কী?

২.৩ ‘আন্টিগোনস! তোমার এই ঔষ্ধত্বের জন্য তোমায় আমার সাম্রাজ্য থেকে নির্বাসিত করলাম।’ — আন্টিগোনস কোন ঔষ্ধত্ব দেখিয়েছে?

২.৪ ‘তোদের মতো উল্লুকের সঙ্গে পিকনিকের আলোচনাও ঝকমারি!’ — কোন্ কথা প্রসঙ্গে টেনিদা এমন মন্তব্য করেছিল?

২.৫ ‘কৌতূহলী দুই চোখ মেলে অবাক দৃষ্টিতে দেখে’ — চড়ুইপাখির চোখে কৌতূহল কেন?

## ৩. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

৩.১ ‘সবুজ জামা’ কবিতার ভাববস্তু আলোচনা করো।

৩.২ বন্ধু রাজনারায়ণ বসুকে লেখা চিঠিতে মাইকেল মধুসূদন দত্ত তাঁর লেখা ‘মেঘনাদবধ কাব্য’ সম্পর্কে কীরূপ অভিমত ব্যক্ত করেছেন?

৩.৩ ‘পরবাসী’ কবিতায় শেষ চারটি পঙ্ক্তিতে কবির প্রশ্নবাচক বাক্য ব্যবহার করার তাৎপর্য বিশ্লেষণ করো।

৩.৪ ‘—কিন্তু এই রাতটির কথা ভালোভাবেই আমার মনে আছে।’ — ‘পথচলতি’ রচনাংশে অনুসরণে লেখকের সেই রাতের অভিজ্ঞতার বিবরণ দাও।

## ৪. নির্দেশ অনুসারে উত্তর দাও :

৪.১ দল বিশ্লেষণ করে দল চিহ্নিত করো :

ইস্টিশান, বাগুইআটি, দর্শনমাত্র, ক্ষিপ্রহস্ত, অদ্ভুতরকম

৪.২ উদাহরণ দাও :

মধ্যস্বরগম, স্বরভক্তি, অন্তঃস্থ য-শ্রুতি, অন্ত্যস্বরলোপ অন্যান্য স্বরসংগতি

- য়ার কৰ্ম তার সাজে, অন্য লোকে লাঠি বাজে।
- নুন আনতে পাস্তা ফুরোয়।
- গেঁয়ো যোগী ভিখ পায় না।
- মারি তো গন্ডর, লুটি তো ভাণ্ডর।
- একহাতে তালি বাজে না।

---

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।  
কোন অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।